

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.৩৭.০২৩.২৩-১১৭৭

তারিখ: ০১ শ্রাবণ, ১৪৩০  
১৬ জুলাই, ২০২৩


বিষয়: এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয়।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অধিদপ্তরাদীন সংশ্লিষ্ট সকল অফিসের কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের অবহিত করা যাচ্ছে যে, দেশে এডিস মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন, সতর্ক হওয়া এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার:

- (ক) অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও এর আশেপাশে যেসব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন-প্রতিষ্ঠানের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার স্থান, পানির বদনা, বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, নারিকেলের মালা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১(এক) দিন পরপর পরিষ্কার করতে হবে।
- (খ) অব্যবহৃত পানির পাত্র ধুংস অথবা উল্টে রাখতে হবে যাতে পানি না জমে।
- (গ) অব্যবহৃত হাই-কমোডে লিকুইড টয়লেট ক্রিনার ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে; লো-কমোডের প্যানে লিকুইড টয়লেট ক্রিনার ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।
- (ঘ) কোন জায়গায় জমা পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমা পানি নিষ্কাশন করতে হবে।
- (ঙ) দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে।
- (চ) ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার সাথে সমন্বিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- (ছ) ডেঙ্গু জ্বরে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিয়ে সুস্থ থাকতে হবে।
- (জ) শিক্ষার্থীদের প্রত্যহ ডেঙ্গু প্রতিরোধের উপায়সমূহ অবহিত করতে হবে।
- (ঝ) উপরের সকল বিষয়সমূহ বাস্তবায়নে আপনার ব্যক্তিগত উদ্যোগ রাখতে হবে।

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান ডেঙ্গু রোগ প্রতিরোধে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
সৈয়দ মামুনুল আলম  
অতিরিক্ত মহাপরিচালক  
অতিরিক্ত সচিব  
ফোনঃ ০২-৫৫০৭৪৯৬৮  
ই-মেইল: [adgdpe@gmail.com](mailto:adgdpe@gmail.com)

বিতরণ:

১. পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করণের অনুরোধসহ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)-(অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করণের অনুরোধসহ)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার/ ইউআরসি ইন্সট্রাক্টর (সকল)- (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করণের অনুরোধসহ)।

অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।